দৈনিক বাংলা

তারিখ 27/1/62
পৃষ্ঠা

085

# বরগুনায় ১১টি খাল খননের কাজ দ্রুত এগিয়ে চলেছে

(সংবাদদাতা)

বরগুনা, ২৫শে জানুয়ারী।— বরগুনা মহকুমায় ৩৪ মাইল দীর্ঘ ১১টি খাল পুনঃখননের কাজ শুরু হয়েছে। এই খালগুলোর খনন কাজ সমাপ্ত হলে ১৮ হাজার একর জমি সেচের অধীনে আসবে।

জানা গেছে, বরগুনা সদর, আমতলী, বামনা ও পাথরঘাটার উক্ত খালগুলো পুনঃখননের কাজ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। সমাজের সর্বস্তরের মানুষ এই সব খাল কাটার কাজে অংশ নিচ্ছে।

নিজস্ব সংবাদদাতা চাঁপাইনবাবগঞ্জ থেকে জানিয়েছেন, সম্প্রতি এখানে সাড়ে ৪ মাইল দীর্ঘ চব মহা-গোরক্ষনাথপুর খালের খনন কাজ উদ্বোধন করেন জেলা প্রশাসক জনাব আজিজুর রহমান।

জানা গেছে, ১৮ ফুট গভীর ও ১৭০ ফুট প্রশস্ত এই খালটির খনন কাজ শেষ হলে নবাবগঞ্জ ও শিবগঞ্জ থানার ৪ হাজার একর জমি সেচের আওতায় আসবে।

সমাজের সর্বস্তরের লোক এই খাল খনন কাজে অংশ নিচ্ছে। খালটি খনন শেষ করতে ৯ লাখ ৫৪ হাজার ৩২৬ জনের শ্রম ব্যয় হবে। এতে মাটিকাটা হবে ৭৪ লাখ ৬৪ হাজার ঘনফুট।